

আন্তর্জাতিক

প্রতিদিন ১ কোটি ব্যারেলের বেশি তেল যাচ্ছে হরমুজ প্রণালি দিয়ে: হোয়াইট হাউস

প্রতিবেদক: Bangladesh

প্রকাশের তারিখ: রোববার, ২০ সেপ্টেম্বর ২০২৬, ১১:২২ AM



হরমুজ প্রণালি দিয়ে প্রতিদিন এক কোটির বেশি ব্যারেল তেল যাচ্ছে বলে দাবি করেছে হোয়াইট হাউস। শনিবার ফরাসি সংবাদমাধ্যম এএফপিকে এক জ্যেষ্ঠ কর্মকর্তা নাম প্রকাশ না করার শর্তে জানান, প্রতিদিন এক কোটি থেকে এক কোটি ১০ লাখ ব্যারেল তেল এই পথে পরিবহন হচ্ছে।

কর্মকর্তাটি বলেন, ইরানের নিয়ন্ত্রণের প্রভাব সত্ত্বেও সত্ত্বেও কমে আসছে। মার্কিন নৌবাহিনী যে বিকল্প পথ তৈরি করেছে, তার কারণে বাণিজ্যিক জাহাজ চলাচল অব্যাহত রাখা সম্ভব হচ্ছে।

গুত্রবার (১৮ সেপ্টেম্বর) মার্কিন সেন্ট্রাল কমান্ড জানিয়েছে, গত ১৪ জুলাই থেকে ইরানের ওপর নৌ অবরোধ পুনরায় শুরু হওয়ার পর তারা ১০৫টি বাণিজ্যিক জাহাজের গতিপথ পরিবর্তন করেছে। তবে জাহাজ চলাচল পর্যবেক্ষণকারী সংস্থা কেপলারের হিসাব ভিন্ন। তাদের মতে, বুধবার হরমুজ দিয়ে মাত্র তিনটি জাহাজ গেছে। আগের দিন ছিল ১২টি। গত ১০ দিনে দৈনিক গড়ে প্রায় ১৭টি জাহাজ এই প্রণালি ব্যবহার

করেছে।

বিশ্বের মোট তেল সরবরাহের প্রায় ২০ শতাংশ হরমুজ প্রণালি দিয়ে যায়। গত ২৮ ফেব্রুয়ারি যুক্তরাষ্ট্র ও ইসরায়েলের যৌথ হামলার পর ইরানের বিধিনিষেধের কারণে প্রণালিটি অনেকটাই বন্ধ হয়ে পড়েছিল। ১৮ জুন দুই দেশের মধ্যে সমঝোতা স্মারক কার্যকর হওয়ার পর কিছুদিনের জন্য আবার খুলে দেওয়া হয়। কিন্তু সামরিক উত্তেজনা বাড়লে আবার বন্ধ হয়ে যায়। তেহরান বারবার দাবি করে আসছে, হরমুজের নিয়ন্ত্রণ এখনো তাদের হাতেই। অন্যদিকে প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প প্রণালিটিকে ‘‘খোলা ও সচল’’ বলেই দাবি করে যাচ্ছেন।

এ বিভাগের আরও খবর



পরমাণু অস্ত্র তৈরির পরিকল্পনা থেকে ইরান সরে এসেছে, দাবি ট্রাম্পের
তেহরানের সঙ্গে চলমান যুদ্ধে ইরানকে পরমাণু অস্ত্র তৈরি থেকে বিরত রাখা যুক্তরাষ্ট্রের অন্যতম প্রধান লক্ষ্য। তবে এবার ট্রাম্প দাবি করেছেন, ইরান...



সীমান্তে অনুপ্রবেশের ঘটনায় পাকিস্তানি কূটনীতিককে তলব ভারতের
সীমান্ত দিয়ে অনুপ্রবেশ এবং সীমান্ত এলাকায় পাকিস্তানি মাদক চক্রের তৎপরতার অভিযোগে পাকিস্তানের কাছে কড়া প্রতিবাদ জানিয়েছে ভারত। ভারতীয় সংবাদ সং...



রিয়াদে আরামকো স্থপনায় ফেপগান্স-ড্রোন হামলার দাবি ছতিদের
সৌদি আরবের রাজধানী রিয়াদে রাষ্ট্রীয় তেল কোম্পানি আরামকোর একটি স্থপনায় ব্যালিস্টিক ফেপগান্স ও ড্রোন দিয়ে হামলার দাবি করেছে ইয়েমেনের সশস্ত্র...



হুযীদের বিরুদ্ধে বড় হামলার প্রস্তুতি সৌদি আরবের
ইরান-সমর্থিত ইয়েমেনের ছুধি বিদ্রোহীদের বিরুদ্ধে বড় ধরনের সামরিক অভিযান চালানোর প্রস্তুতি নিচ্ছে সৌদি আরব। এ হামলার
পরিবর্তন নিয়ে কাজ করছে র...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: <https://dhakaprobe.com/international/prtidin-1-koti-bjareler-beshi-tel-jachchhe-hrmuj-prnali-diye-hoyait-haus>